

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।

সার্কুলার নং-২ এ,

তারিখঃ ১০/০৯/২০০২ খ্রি

প্রেরকঃ- কামরুল ইসলাম সিদ্দিকী
রেজিস্ট্রার
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
ঢাকা।

প্রাপকঃ- জেলা জজ/মহানগর দায়রা জজ/স্পেশাল জজ/বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন বিশেষ ট্রাইবুনাল/বিচারক,
জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইবুনাল/সদস্য, প্রশাসনিক ট্রাইবুনাল/ঢাকা- ১/ঢাকা-২/ঢাকা-৩/ঢাকা-৪/
রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট।

বিষয়ঃ জেলা জজ ও জেলা জজ পদমর্যাদার বিচার বিভাগীয় কর্মকর্তাগণসহ অন্যান্য বিচার বিভাগীয় কর্মকর্তাগণের
নৈমিত্তিক ছুটি ও কর্মস্থল ত্যাগ প্রসঙ্গে।

জনাব

আদিষ্ট হইয়া জানাইতেছি যে উপরোক্ত বিষয়ে গত ৯-৫-২০০২ খ্রি তারিখে জারীকৃত ১নং সার্কুলারসহ আলোচ্য বিষয়
সম্পর্কিত পূর্বের অন্যান্য সকল সার্কুলার সংশোধন পূর্বক নিম্নোক্ত আদেশ দেওয়া হইলঃ

১। জেলা জজ/মহানগর দায়রা জজগণ স্ব স্ব জজশীপের অতিরিক্ত জেলা জজ/অতিরিক্ত মহানগর দায়রা জজ, যুগ্ম-জেলা
জজ/সহকারী মহানগর দায়রা জজ, সিনিয়র সহকারী জজ এবং সহকারী জজগণের নৈমিত্তিক ছুটি মঞ্জুরসহ কর্মস্থল ত্যাগের
অনুমতি প্রদান করিবেন।

২। জেলা জজ/মহানগর দায়রা জজ/স্পেশাল জজ/বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন বিশেষ ট্রাইবুনাল/বিচারক,
জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইবুনাল/সদস্য, প্রশাসনিক ট্রাইবুনাল নিজের নৈমিত্তিক ছুটি মঞ্জুরসহ কর্মস্থল ত্যাগ
করিতে পারিবেন। তবে কর্মস্থল ত্যাগ করিবার কমপক্ষে ২ (দুই) দিন পূর্বে এ বিষয়ে রেজিস্ট্রারকে লিখিতভাবে জানাইতে
হইবে।

৩। এই আদেশ অবিলম্বে কার্যকরী হইবে।

আদেশক্রমে

স্বা/-
রেজিস্ট্রার